

# ইসরায়েলের সংসদীয় প্রতিনিধিদলের রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ

মার্চ 31, 2023

নেসেটের স্পিকার H.E. মিস্টার আমির ওহানার নেতৃত্বে ইসরায়েলের একটি সংসদীয় প্রতিনিধিদল, আজ (৩১শে মার্চ, ২০২৩) রাষ্ট্রপতি ভবনে ভারতের রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মুর সাথে সাক্ষাৎ করেন।

এদিন এই প্রতিনিধি দলকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি জানান, গত ৩০ বছরে দুই দেশের কূটনৈতিক সম্পর্ক বহুমাত্রিক কৌশলগত অংশীদারিত্বে পরিণত হয়েছে।

রাষ্ট্রপতি উল্লেখ করেছেন যে তাদের দীর্ঘ ইতিহাস জুড়ে, ভারতের ইহুদি সম্প্রদায়গুলি তাদের অনন্য ঐতিহ্য বজায় রেখেছে এবং সমৃদ্ধ করেছে। তিনি এ কথাও জানান যে ইহুদি জনগণ ভারতের যৌথ সমাজের অবিচ্ছেদ্য অংশ ছিল - এবং সর্বদা থাকবে।

রাষ্ট্রপতি জানান যে ভারতে, ইস্রায়েল উন্নত কৃষি এবং জল প্রযুক্তিতে দক্ষতার একটি মূল উত্স হিসাবে সুপরিচিত। গবেষণা এবং উদ্ভাবনে আমাদের সহযোগিতা 'মেক ইন ইন্ডিয়া' উদ্যোগকে বাড়িয়ে দিয়েছে। তিনি ভারত জুড়ে ইসরায়েলের সহায়তায় প্রতিষ্ঠিত 'সেন্টার অফ এক্সিলেন্স'-এর সাফল্য দেখে খুশি হয়েছেন।

নয়া দিল্লী

মার্চ 31, 2023